

স্মারক নম্বর-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.১৭.১২০

তারিখ: ২৩/০৫/২০১৭

বিষয়: দশম জাতীয় সংসদের ষোড়শ অধিবেশনের কার্যক্রম সরাসরি সম্প্রচার।

- আগামী ৩০ মে ২০১৭ খ্রি:, মঙ্গলবার সকাল ১১টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি দশম জাতীয় সংসদের ষোড়শ অধিবেশন আহ্বান করেছেন। এ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রম বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে এবং এফ.এম. ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd এর লাইভ স্ট্রিমিং এর মাধ্যমে সরাসরি সম্প্রচার হবে।
- ২। জাতীয় সংসদ অধিবেশন কার্যক্রম কোনদিন দুপুর ১২টার পরও চলতে থাকলে, ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জ ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জ ট্রান্সমিটার দুটি বিরত না হয়ে সংসদ অধিবেশন কার্যক্রম প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৩। সংসদ অধিবেশন প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, 'রমজানুল মুবারক', 'হিফজুল কুরআন', আযান, সংবাদ ও আযান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে এবং এফ.এম ৯৭.৬ মেগাহার্জে প্রচার হবে। তবে সন্ধ্যা ৬ টার সংবাদ ও সন্ধ্যা ৬টা ৫০ মিনিটে প্রচারিতব্য আবহাওয়াবর্তী ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে ও ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে এবং বিকাল ৫ টা ৪০ মিনিট থেকে মাগরিবের আযান পর্যন্ত ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত (ফিঙ্গড পয়েন্টে নির্ধারিত) অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।
 - ৪। সংসদ অধিবেশন সরাসরি সম্প্রচারের লক্ষে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে, সংসদ অধিবেশনের কার্যক্রম শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অধিবেশন/কার্যক্রম শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৫। জাতীয় সংসদ অধিবেশন কার্যক্রম প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, জাতীয় সংসদ ভবন থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের টেলিফোন খাত থেকে নির্বাহ হবে।
 - ৬। সংসদ অধিবেশনের কার্যক্রম সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন সংসদ ভবনে বেতার সম্প্রচার বুথ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৭। সংসদ অধিবেশনের কার্যক্রম সম্প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ সংসদ অধিবেশন প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিতকরণ, সংসদের কার্যক্রম যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তাশাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
 - ৮। জাতীয় সংসদ অধিবেশন সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তঁার প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে সংসদ অধিবেশন সম্প্রচার তত্ত্বাবধানসহ তা যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ৯। সংসদের কার্যক্রমে ফিলার প্রচারে অনুমোদিত সংগীত/গানের তালিকা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট শাখাকে অনুরোধ করা হলো।
 - ১০। দশম জাতীয় সংসদের ষোড়শ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রমের সময়সূচি পরিবর্তন হলে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন জাতীয় সংসদ সচিবালয়ের সাথে যোগাযোগপূর্বক সমন্বয়ের মাধ্যমে যথাসময়ে সংসদ অধিবেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১১। সংসদ অধিবেশন শুরুর ১ ঘন্টা পূর্বে সংসদ ভবনে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ করা হলো।
 - ১২। পরিচালক, লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা, বাংলাদেশ বেতার সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

(সাল্লাহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান (চলতি দায়িত্ব)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৯৬৬২৭৫৩

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, জাতীয় বেতার ভবন, আগারগাঁও/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, শাহবাগ, ঢাকা।
- ৫। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা।